ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৮৪
বিলোনীয়া, ২৩ জুলাই, ২০২৫

**মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলী যোজনায় সাব্রুমে ১০৪টি পরিবার উপকৃত**

মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলী যোজনায় গত অর্থবছরে সাব্রুম মহকুমায় মোট ১৪০টি অন্ত্যোদয় পরিবার উপকৃত হয়েছে। এরমধ্যে রূপাইছড়ি ব্লকে ৪৭টি, সাতচাঁদ ব্লকে ৭৪টি, পোয়াংবাড়ি ব্লকে ১৬টি এবং সাব্রুম নগর পঞ্চায়েত এলাকায় ৩টি পরিবার উপকৃত হয়েছে। এই যোজনায় অন্ত্যোদয় পরিবারের একমাত্র উপার্জনশীল ব্যক্তির মৃত্যু হলে তার অন্ত্যেষ্টি ক্রিয়ার জন্য তার পরিবারের উত্তরাধিকারীকে এককালীন ২ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। বিলোনীয়াস্থিত সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****